

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



ইমিগ্র্যান্ট হেরিটেজ উইক সেলিব্রেশন (অভিবাসী ঐতিহ্য সপ্তাহ উদযাপন)

প্রিয় নিউ ইয়র্কবাসী,

এই সপ্তাহে, সিটিব্যাপী স্কুলগুলি ইমিগ্র্যান্ট হেরিটেজ উইক (অভিবাসী ঐতিহ্য সপ্তাহ) উদযাপন করবে - এবং অভিবাসীগণ অনেকভাবে আমাদের সিটিকে যে শক্তিশালী এবং বৈশিষ্টমণ্ডিত করে তুলছেন, তার স্বীকৃতি জ্ঞাপন করবে। আমি যখন সিটিতে ভ্রমণ করি, আমি বিভিন্ন সমৃদ্ধ এবং বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতি দ্বারা উদ্বলিত হই, যা দিয়ে আমাদের সিটি তৈরি। সারা বিশ্ব যেন নিউ ইয়র্ক সিটিতে বাস করে, এবং আমরা প্রতিদিন পৃথিবীর বিভিন্ন স্থানের মানুষদের স্বাগত জানাই।

NYC-এর পাবলিক স্কুলগুলিতে, আমরা আমাদের সব থেকে নতুন নিউ ইয়র্কারদের শ্রদ্ধা প্রদর্শনের দীর্ঘ ঐতিহ্য এবং উদযাপন অব্যাহত রাখার জন্য গর্ব বোধ করি। প্রত্যেক শিক্ষার্থীর—অভিবাসনগত অবস্থা নির্বিশেষে, উচ্চমানের শিক্ষার অধিকার রয়েছে এবং আমাদের দায়িত্ব হলো সাফল্যের জন্য যেসব পরিষেবার চাহিদা রয়েছে, তাদের জন্য সেগুলি পাওয়ার সুযোগ নিশ্চিত করা।

আমরা সবাই জানি যে, প্রত্যেক শিক্ষার্থীর চাহিদা এবং অভিজ্ঞতা অনন্য। এই কারণেই আমরা বিভিন্ন ক্ষেত্রে আমাদের অংশীদার এজেন্সিগুলোর পাশাপাশি কাজ করে যাচ্ছি, বিশেষভাবে [প্রজেক্ট ওপেন আর্মস্](#)-এর মাধ্যমে, যাতে এটি নিশ্চিত করা যায় যে, প্রত্যেক শিক্ষার্থীর তথ্য-উপকরণ লাভের সুযোগ আছে। এছাড়া, নতুন শিক্ষার্থী এবং তাদের পরিবারবর্গ ক্ষমতায়িত হয়েছে [English Language Learner program](#) (ইংরেজি ভাষা শিক্ষার্থীর প্রোগ্রাম)-টি বেছে নিতে যা তাদের চাহিদার জন্য সর্বোত্তম এবং আমরা তাদেরকে তাদের বাড়ির ভাষায় অনূদিত উপকরণ প্রদান করি।

আমাদের স্কুল কমিউনিটির চমৎকার বৈচিত্র্যের স্বীকৃতি প্রদানে, আমাদের শিক্ষকগণ সাংস্কৃতিকভাবে-সংবেদনশীল শিক্ষকতার অনুশীলন করেন এবং হিডেন ভয়েসেস (Hidden Voices) উদ্যোগ চালু করেছেন যার অন্তর্ভুক্ত আমাদের শিক্ষার্থীদের সর্বোত্তম সহায়ক পাঠ ও তথ্য-সহায়তা প্রদান করা। পাঠ্য বিষয় ছাড়াও, আমরা প্রতিটি স্কুলে সামাজিক-আবেগজনিত, মানসিক আঘাত-জনিত মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদান করি এবং আমাদের অনেক স্কুল এসব চাহিদা বাড়িতে পূরণেরও পদক্ষেপ গ্রহণ করছে।

NYC পাবলিক স্কুলগুলির চ্যামেলর হিসেবে, আমি আমাদের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ এবং স্কুল নেতৃত্বের জন্য অত্যন্ত গর্বিত যারা ক্লান্তিহীনভাবে গত কয়েক মাস ধরে কাজ করে যাচ্ছেন, যখন আমরা আমাদের নতুনতম নিউ ইয়র্কবাসীদেরকে হাত বাড়িয়ে স্বাগত জানাচ্ছি। সিটিব্যাপী ব্রুকলিনের P.S. 24-এর অ্যানাবেল (Annabelle)-এর মতো অনেক শিক্ষার্থী রয়েছে যে মহান্নার ম্যাপ এবং "সফর নির্দেশিকা" তৈরি করতে সময় দিয়েছে যাতে নতুন পরিবারসমূহ পোস্ট অফিস অথবা লাইব্রেরির মতো গুরুত্বপূর্ণ স্থানের অবস্থান জানতে পারেন। ম্যানহ্যাটনের P.S. 33-তে, চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা একটি ইংরেজি-স্প্যানিশ অভিধান তৈরি করেছে যা তাদের নতুন সহপাঠীদের প্রধান বাক্যাংশ শিখতে সহায়তা করবে যাতে তারা নতুন বন্ধু বানাতে সক্ষম হয়। এবং আমরা আমাদের পিতামাতাদের কাছে অনেক কৃতজ্ঞ যারা ফুড প্যান্ট্রিসমূহের সাথে পার্টনারশিপ করায়, জামা-কাপড় সংগ্রহে এবং চাহিদায়ুক্ত শিক্ষার্থীদের জন্য স্কুল সামগ্রীসহ ব্যাকপ্যাক বিতরণে এগিয়ে এসেছেন।

আমাদের সিটি সবসময় এসব শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছে যাদের বাসস্থান এবং আশ্রয়ের দরকার এবং আমরা ঐতিহ্য অব্যাহত রাখতে পেরে গর্বিত - আমরা অভিবাসী ঐতিহ্য সপ্তাহে সকল নিউ ইয়র্কবাসীদের সাথে থাকবো।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস (David C. Banks)
চ্যামেলর

সামার রাইজিং আবেদন শুরু হবে 17 এপ্রিল

সামার রাইজিং 2023-এর আবেদন পোর্টাল এখন উন্মুক্ত! আপনি nyc.gov/SummerRising সাইটে সিটির ফ্রি সামার অ্যাকাডেমিক এবং সমৃদ্ধির প্রোগ্রামে আবেদন করতে পারেন। পোর্টালটি হবে অনুবাদযোগ্য এবং সেটাকে যেকোনো ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস থেকে দেখা যাবে। আবেদনপত্র পূরণে যেসব পরিবারের সহায়তার প্রয়োজন তাদেরকে সহায়তা দেয়ার দায়িত্বে নিয়োজিত এবং প্রস্তুত রয়েছেন জন্য আমরা প্যারেন্ট কোঅর্ডিনেটরদের প্রশিক্ষণ দিয়েছি। আবেদনের সময়সীমা 1 মে শেষ হবে, এবং আমরা আনুমানিক এক সপ্তাহ পর আসন নিশ্চিত করে ইমেইল পাঠাবো।

NYC এডুকেশন কাউন্সিলের নির্বাচন 21 এপ্রিল শুরু হচ্ছে

যেসব সমস্যা আপনার স্কুল কমিউনিটিকে প্রভাবিত করে সেগুলোর উপর আপনার সরাসরি ভূমিকা রাখার একটি সেরা উপায় হলো আপনার কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল সদস্য নির্বাচনে ভোট দেওয়া। ভোট দেয়ার জন্য প্রয়োজন আপনার নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থী(বৃন্দ)-সংযুক্ত থাকা একটি NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA)। আপনার যদি কোনো অ্যাকাউন্ট না থেকে থাকে, আপনি schoolsaccount.nyc সাইটে আজই সাইন আপ করতে পারেন।

অ্যাকাউন্ট তৈরিতে অথবা সন্তানকে সেটায় সংযুক্ত করতে সহায়তা প্রয়োজন হলে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর-এর সাথে কথা বলুন। আপনার স্থানীয় এবং সিটিব্যাপী কাউন্সিলসমূহের আসনে যেসব পিতামাতা নির্বাচন করছেন তাদের সম্পর্কে আরো জানতে apps.schools.nyc/CECProfiles দেখুন। 9 মে তারিখ পর্যন্ত ভোট দেয়া যাবে।

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও

“P.S. 7 কমিউনিটি বুটিক ইস্ট হার্লেমের নব্য আগত পরিবারদের সহায়তা করে”



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।